

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালিত হচ্ছে মায়াপুরের ঝুলন যাত্রা



৩৬৫ দিন। ইস্কনের প্রধান কার্যালয় মায়াপুরে চিরাচরিত প্রথা ও নিয়ম মেনে বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে শুরু হলো ঝুলন উৎসব। সেই উপলক্ষ্যে ভক্তবৃন্দের আগমন ঘটেছে সকালে মঙ্গলাচারতি সহ পূজা আচার চলছে। বিদেশি ভক্ত বৃন্দের আগমন ও ঘটেছে। দূর দূরস্ত থেকে ভক্তবৃন্দের ইস্কনের ঝুলন উৎসব দেখতে ভিড় করছেন। এই প্রসঙ্গে ইস্কন

মায়াপুরের জনসংযোগ আধিকারিক রমেশ দাস বলেন, ইস্কন মায়াপুরের ঝুলন উৎসব এইবছর ত৩৯তম বর্ষে পদার্পণ করলো, যা চলবে আগামী ৩১ শে আগস্ট, পূর্ণিমা তিথি পর্যন্ত, আর এ কদিন প্রতিদিন চলবে বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠান, পাশাপাশি তিনি আরও জানান, পূর্ণিমার দিন রাখি পূর্ণিমার পাশাপাশি ওই দিনটির আলাদা আরও একটি গুরুত্ব রয়েছে, সেটা প্রভু বলরাম

জয়ন্তী দিন হিসেবেও পালিত হচ্ছে। প্রতিদিন বিকেল পাঁচটা থেকে রাত্রি সারে আটটা পর্যন্ত ঝুলন উৎসব দর্শনার্থীদের জন্য খোলা থাকবে ইস্কন মায়াপুরের গো শালার পাশে আয়োজন করা হচ্ছে এই ঝুলন উৎসব। চন্দ্ৰোদয় মন্দির থেকে নাম সংকীর্তন সহযোগে রাধা, কৃষ্ণের মূর্তীকে নিয়ে যাওয়া হয় ঝুলন উৎসবের স্থানে।